রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুন ২৭, ২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**জাতীয় রাজস্ব বোর্ড**
**(আয়কর)**

**প্রজ্ঞাপন**

তারখি: ১৩ আষাঢ়, ১৪৩১ বঙ্গাব্দ/২৭ জুন, ২০২৪ খ্রিষ্টাব্দ

**এস.আর.ও. নং ২৪৩-আইন/আয়কর-৩৭/২০২৪।**—জাতীয় রাজস্ব বোর্ড, আয়কর আইন, ২০২৩ (২০২৩ সনের ১২ নং আইন) এর ধারা ৩৪৩ এ প্রদত্ত ক্ষমতাবলে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:—

১। **শিরোনাম ও প্রবর্তন।**—(১) এই বিধিমালা আয়কর বিকল্প বিরোধ নিষ্পত্তি বিধিমালা, ২০২৪ নামে অভিহিত হইবে।

(২) ইহা ১ জুলাই, ২০২৪ খ্রিষ্টাব্দ হইতে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কিছু না থাকিলে, এই বিধিমালায়,—

(ক) "আইন" অর্থ আয়কর আইন, ২০২৩ (২০২৩ সনের ১২ নং আইন);

(খ) "আদালত" অর্থ আইনের ধারা ২৯৬ এর দফা (৪) এ সংজ্ঞায়িত সুপ্রীম কোর্ট;

(গ) "আবেদনকারী" অর্থ আইনের ধারা ২৯৮ এর অধীন বিকল্প বিরোধ নিষ্পত্তির জন্য আবেদনকারী;

(ঘ) "আপিল কর্তৃপক্ষ" অর্থ যুগ্মকর কমিশনার (আপিল) বা অতিরিক্ত কর কমিশনার (আপিল) বা কর কমিশনার (আপিল) বা কর আপিল ট্রাইব্যুনাল;

(ঙ) "কর নির্ধারণ" অর্থ আইনের ধারা ২ এর দফা (২৬খ) এ সংজ্ঞায়িত কর নির্ধারণ;


মূল্য : টাকা ৩০.০০

(চ) "নিষ্পত্তিকৃত মামলা" অর্থ কর নির্ধারণ সম্পন্ন হইয়াছে এইরূপ আয়কর মামলা;

(ছ) "বিকল্প বিরোধ নিষ্পত্তি" অর্থ আইনের অংশ ২০ এর তৃতীয় অধ্যায়ে বর্ণিত বিকল্প বিরোধ নিষ্পত্তি;

(জ) "বিচারাধীন মামলা" অর্থ যুগ্মকর কমিশনার (আপিল) বা অতিরিক্ত কর কমিশনার (আপিল) বা কর কমিশনার (আপিল) বা কর আপিল ট্রাইব্যুনাল বা বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগ বা বাংলাদেশ সুপ্রীম কোর্টের আপীল বিভাগে আপিল দায়ের করা হইয়াছে যাহা নিষ্পত্তি হয় নাই এইরূপ বিচারাধীন আপিল মামলা;

(ঝ) "বিভাগীয় প্রতিনিধি" অর্থ আইনের ধারা ২৯৯ এবং বিধি ৭ এর অধীন মনোনীত কোনো কর্মকর্তা;

(ঞ) "সহায়তাকারী" অর্থ আইনের ধারা ৩০০ এ উল্লিখিত এবং বিধি ১০ এর অধীন তালিকাভুক্ত সহায়তাকারী;

(ট) "বোর্ড" অর্থ জাতীয় রাজস্ব বোর্ড;

(ঠ) "তফসিল" অর্থ এই বিধিমালার তফসিল।

৩। **বিকল্প বিরোধ নিষ্পত্তি আবেদন দাখিলের সময়সীমা**।—আবেদনকারী কর্তৃক দাবিনামা (demand notice) প্রাপ্তির তারিখ বা, ক্ষেত্রমত, সংশ্লিষ্ট আপিল কর্তৃপক্ষ বা আদালত কর্তৃক আবেদনের অনুমতি প্রদানের তারিখ হইতে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে আবেদন দাখিল করিতে হইবে।

৪। **আবেদন ফি**।—আবেদনকারীকে আবেদনের সহিত প্রতি করবর্ষের আবেদনের জন্য ৫০০ (পাঁচশত) টাকা ফি প্রদান করিতে হইবে।

৫। **আবেদন গ্রহণকারী কর্তৃপক্ষ**।—বিকল্প বিরোধ নিষ্পত্তির আবেদন নিম্নবর্ণিত কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে, যথা:—

(ক) উপকর কমিশনার কর্তৃক নিষ্পত্তিকৃত বা পুনঃনিষ্পত্তিকৃত আদেশের বিরুদ্ধে যদি আপিল দায়ের না করা হইয়া থাকে তাহা হইলে ঐ আবেদনকারীর আপিল অধিক্ষেত্র যে কর্তৃপক্ষের উপর ন্যস্ত সেই কর্তৃপক্ষের নিকট;

(খ) যুগ্মকর কমিশনার (আপিল) বা অতিরিক্ত কর কমিশনার (আপিল) বা কর কমিশনার (আপিল) এর নিকট আপিল বিচারাধীন থাকিলে সংশ্লিষ্ট যুগ্মকর কমিশনার (আপিল) বা অতিরিক্ত কর কমিশনার (আপিল) বা কর কমিশনার (আপিল) এর নিকট;

(গ) কর আপিল ট্রাইব্যুনালে আপিল বিচারাধীন থাকিলে সংশ্লিষ্ট ট্রাইব্যুনাল বেঞ্চের রেজিস্ট্রার/উপ রেজিস্ট্রার/সহকারী রেজিস্ট্রার এর নিকট; এবং

(ঘ) বিধি ৮ এর উপ-বিধি (৫) অনুযায়ী বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগ বা আপীল বিভাগ এর অনুমতি লাভের পর জাতীয় রাজস্ব বোর্ড এর দ্বিতীয় সচিব (ট্যাক্সেস লিগ্যাল) এর নিকট।

৬। **বিকল্প বিরোধ নিষ্পত্তির আবেদন**।—(১) আবেদনকারীর আবেদন ৫ প্রস্থে তফসিল-১ এ উল্লিখিত ফরমে প্রতি প্রস্থ ফরম এর সাথে আবেদনের ফি প্রদানের ট্রেজারি চালান এর কপি এবং আবেদনের স্বপক্ষে প্রমাণাদিসহ দাখিল করিতে হইবে।

(২) বিচারাধীন মামলার ক্ষেত্রে সংশ্লিষ্ট আপিল কর্তৃপক্ষ বা আদালতের অনুমতির কপি আবেদনের সহিত সংযোজন করিতে হইবে।

(৩) আবেদন ফরম ও প্রতিপাদন নিম্নবর্ণিত ব্যক্তি কর্তৃক স্বাক্ষরিত হইতে হইবে, যথা:—

(ক) স্বাভাবিক ব্যক্তি (individuals) এর ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যক্তি;

(খ) ফার্মের ক্ষেত্রে যে কোনো অংশীদার;

(গ) ব্যক্তিসংঘের ক্ষেত্রে উহার প্রধান নির্বাহী; এবং

(ঘ) কোম্পানির ক্ষেত্রে উহার মুখ্য কর্মকর্তা (Principal Officer)।

(৪) আবেদন গ্রহণকারী কর্তৃপক্ষ আবেদনটি গ্রহণ করিয়া আবেদন ফরমের একটি কপি নথিতে ধারাবাহিকভাবে গ্রহণের তারিখের ক্রমানুসারে সংরক্ষণ করিবে এবং অতঃপর গ্রহণের তারিখ উল্লেখপূর্বক অফিসের সিল ও অনুস্বাক্ষর প্রদানপূর্বক তফসিল-২ এ বর্ণিত ফরমে আবেদনকারীকে প্রাপ্তিস্বীকারপত্র প্রদান করিবে।

(৫) আবেদনগ্রহণকারী কর্তৃপক্ষ আবেদন গ্রহণের পরবর্তী কার্যদিবসের মধ্যে ৩ (তিন) সেট আবেদন, সংযোজনীসমূহ এবং তফসিল-৩ এ উল্লিখিত অগ্রায়নপত্রসহ বোর্ডের নিকট প্রেরণ করিবে।

(৬) উপ-বিধি (৫) এর অধীন আবেদন প্রাপ্তির পর বোর্ড আবেদনে উল্লিখিত তথ্যাদি তফসিল-৪ অনুসারে প্রস্তুতকৃত একটি রেজিস্টারে লিপিবদ্ধ করিবে।

(৭) বোর্ড প্রাপ্ত আবেদন নিষ্পত্তির জন্য বিধি ১০ এর অধীন প্রস্তুতকৃত সহায়তাকারীর তালিকা হইতে একজন সহায়তাকারীকে মনোনয়ন প্রদানপূর্বক আবেদনকারী, সহায়তাকারী এবং সংশ্লিষ্ট কর কমিশনারকে তফসিল-৮ এ বর্ণিত ফরমে ২ (দুই) কার্যদিবসের মধ্যে অবহিত করিবে এবং উহা সংশ্লিষ্ট তফসিল-৪ অনুসারে প্রস্তুতকৃত রেজিস্টারে লিপিবদ্ধ করিবে।

(৮) উপ-বিধি (৭) এর অধীন অবহিত করিবার পর ২ (দুই) কার্যদিবসের মধ্যে বোর্ড আবেদনের একটি কপি নথিতে সংরক্ষণপূর্বক উহার একটি কপি সংশ্লিষ্ট কর কমিশনার ও অপর একটি কপি সহায়তাকারীর নিকট প্রেরণ করিবে।

(৯) বোর্ড বিকল্প বিরোধ নিষ্পত্তির ফলাফল (মতৈক্য বা মতানৈক্য) তফসিল-৪ অনুযায়ী প্রস্তুতকৃত রেজিস্টারে লিপিবদ্ধ করিবে।

৭। **কর কমিশনারের করণীয়**।—কর কমিশনার বোর্ড হইতে আবেদন প্রাপ্তির পরবর্তী ৩ (তিন) কার্যদিবসের মধ্যে তাহার অধীন উপকর কমিশনারের নিম্নে নহেন এমন একজন কর্মকর্তাকে তফসিল-৫ অনুসারে কর বিভাগের বিভাগীয় প্রতিনিধি মনোনয়ন প্রদান করিবেন এবং উহার একটি কপি আবেদনকারী ও সহায়তাকারীকে অবগতির জন্য প্রেরণ করিবেন।

৮। **বিচারাধীন মামলার অনুমতি।**—(১) যুগ্মকর কমিশনার (আপিল) বা অতিরিক্ত কর কমিশনার (আপিল) বা কর কমিশনার (আপিল) এর নিকট আপিল বিচারাধীন থাকিলে, বিকল্প বিরোধ নিষ্পত্তির জন্য তফসিল-৬ এ বর্ণিত ফরমে অনুমতির জন্য আবেদন করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এর অধীন আবেদন প্রাপ্তির পরবর্তী ৩ (তিন) কার্যদিবসের মধ্যে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ অনুমতি প্রদান করিবে এবং তফসিল-৭ এ বর্ণিত ফরমে উক্ত অনুমতির আদেশ আবেদনকারীকে প্রদান করিবে।

(৩) কর আপিল ট্রাইব্যুনালে বিচারাধীন মামলার ক্ষেত্রে সংশ্লিষ্ট রেজিস্ট্রার বা উপ-রেজিস্ট্রার বা সহকারী রেজিস্ট্রার এর নিকট তফসিল-৬ এ বর্ণিত ফরমে বিকল্প বিরোধ নিষ্পত্তির নিমিত্ত অনুমতির জন্য আবেদন করিতে হইবে।

(৪) উপ-বিধি (৩) এর অধীন অনুমতি প্রার্থনার ৫ (পাঁচ) কার্যদিবসের মধ্যে সংশ্লিষ্ট কর আপিল ট্রাইব্যুনাল অনুমতির আদেশ প্রদান করিবে এবং তফসিল-৭ এ বর্ণিত ফরমে উক্ত আদেশের অনুমতিপত্র আবেদনকারীকে প্রদান করিবে।

(৫) বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগ বা আপীল বিভাগে বিচারাধীন মামলায় বিকল্প বিরোধ নিষ্পত্তির ক্ষেত্রে সংশ্লিষ্ট কোর্টের অনুমতির জন্য আবেদন দাখিল করিতে হইবে।

৯। **সহায়তাকারীর বিরুদ্ধে আপত্তি।**—(১) বিকল্প বিরোধ নিষ্পত্তির লক্ষ্যে বিধি ৬ এর উপ-বিধি (৭) এর অধীন মনোনীত কোন সহায়তাকারীর বিরুদ্ধে আবেদনকারী অথবা সংশ্লিষ্ট কর বিভাগের বিভাগীয় প্রতিনিধির যুক্তিসঙ্গত অভিযোগ বা আপত্তি থাকিলে তদমর্মে বোর্ড এর নিকট লিখিতভাবে আবেদন করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এর অধীন প্রাপ্ত অভিযোগ বা আপত্তি বোর্ড ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে তদন্তপূর্বক প্রয়োজনবোধে উক্ত সহায়তাকারীকে পরিবর্তন করিতে অথবা তালিকা হইতে বাদ দিতে পারিবে।

(৩) উপ-বিধি (২) এর অধীন সহায়তাকারী পরিবর্তন করা হইলে সহায়তাকারীর তালিকা হইতে অন্য একজনকে সহায়তাকারী হিসাবে মনোনয়ন প্রদান করিতে হইবে।

১০। **সহায়তাকারীর যোগ্যতা, নিয়োগ এবং তালিকা।**—(১) এই বিধিমালার উদ্দেশ্যপূরণকল্পে, বোর্ড নিম্নবর্ণিত যোগ্যতাসম্পন্ন ব্যক্তিগণের সমন্বয়ে সহায়তাকারীর একটি তালিকা প্রস্তুত করিবে, যথা:—

(ক) আয়কর বিষয়ে দক্ষ ও অভিক্ষ যুগ্মকর কমিশনারের নিম্নে নহেন এইরূপ অবসরপ্রাপ্ত কোনো আয়কর কর্মকর্তা;

(খ) জেলা ও দায়রা জজ এর নিম্নে নহেন এইরূপ বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের অবসরপ্রাপ্ত কোনো কর্মকর্তা;

(গ) আয়কর বিষয়ে অন্যূন ২০ (বিশ) বৎসরের অভিজ্ঞতাসম্পন্ন আইনের ধারা ৩২৭ এর উপ-ধারা (৩) এ সংজ্ঞায়িত কর আইনজীবী।

(২) বোর্ড প্রতি ৬ (ছয়) মাস পর পর সহায়তাকারীগণের প্রত্যেকের কর্মতৎপরতা পর্যালোচনাপূর্বক উপ-বিধি (১) এর অধীন প্রস্তুতকৃত তালিকা সংশোধন করিতে পারিবে।

১১। **সহায়তাকারীর দায়িত্ব ও কর্তব্য।**—(১) সহায়তাকারী আবেদনকারী ও বিভাগীয় প্রতিনিধির সাথে আলোচনাক্রমে বিবেচ্য বিরোধের—

(ক) নিষ্পত্তির বা সিদ্ধান্তের বিষয়বস্তু (Issues for Resolution) নির্ধারণ করিবেন;

(খ) বিকল্প বিরোধ নিষ্পত্তির প্রক্রিয়ায় অনুসৃতব্য পদ্ধতি, কৌশল বা কাঠামো নির্ধারণ করিবেন;

(গ) বিকল্প বিরোধ নিষ্পত্তির লক্ষ্যে অনুষ্ঠিতব্য আলোচনা সভার স্থান, তারিখ ও সময় নির্ধারণ করিবেন এবং তফসিল-১১ এ বর্ণিত ফরমে আবেদনকারী ও বিভাগীয় প্রতিনিধিকে নোটিশ প্রদান করিবেন; এবং

(ঘ) উভয় পক্ষকে সময় উল্লেখসহ প্রয়োজনীয় দলিলাদি দাখিল করিবার জন্য লিখিতভাবে অবহিত করিবেন।

(২) সহায়তাকারী বোর্ড হইতে আবেদন প্রাপ্তির পর বিরোধীয় বিষয় সম্পর্কে মতামতসহ তফসিল-৯ এ বর্ণিত ফরমে আবেদনের শর্তসমূহ পালিত হইয়াছে কিনা সেই সম্পর্কে তথ্য প্রেরণের জন্য উপকর কমিশনারকে অনুরোধ জানাইবেন।

(৩) সহায়তাকারী উপ-বিধি (২) এর অধীন চাহিত তথ্য পাওয়া না গেলে শর্তসমূহ পালিত হইয়াছে ও বিরোধীয় বিষয় সম্পর্কে উপকর কমিশনার এর কোনো মতামত নাই বলিয়া গণ্য করিবেন।

(৪) সহায়তাকারী তফসিল-১০ এ বর্ণিত ফরমে পত্র দ্বারা উপকর কমিশনারের নিকট হইতে সংশ্লিষ্ট আয়কর নথিটি তলব করিতে পারিবেন।

(৫) সহায়তাকারী প্রয়োজনবোধে আবেদনকারী এবং বিভাগীয় প্রতিনিধিকে বিরোধীয় বিষয়ে আইনানুগ নিষ্পত্তির লক্ষ্যে পৌঁছাইতে উভয়পক্ষের মধ্যে মধ্যস্থতা করিতে পারিবেন।

(৬) বিকল্প বিরোধ নিষ্পত্তি চলমান থাকা অবস্থায় আবেদনকারী, প্রত্যক্ষ বা পরোক্ষভাবে, আইনসংগত বা যুক্তিসংগত কারণ ব্যতীত বিকল্প বিরোধ নিষ্পত্তিতে অসহযোগিতা (cognizable non-cooperation) করিলে বা নির্ধারিত তারিখে হাজির হইতে ব্যর্থ হইলে কিংবা আইনসংগত নির্দেশ পালনে ব্যর্থ হইলে, সহায়তাকারী কোনো প্রকার নোটিশ প্রদান ব্যতিরেকে চলমান বিরোধ নিষ্পত্তি প্রক্রিয়া বাতিল করিতে পারিবেন।

(৭) বিকল্প বিরোধ নিষ্পত্তি প্রক্রিয়ায় বিরোধীয় বিষয়ে উভয়পক্ষের মধ্যে মতৈক্যের ভিত্তিতে সিদ্ধান্ত হইলে, সহায়তাকারী তফসিল-১২ এ বর্ণিত ফরমে মতৈক্যের শর্ত সংবলিত (Terms of Agreement) একটি চুক্তিপত্র প্রস্তুত করিবেন এবং সহায়তাকারীসহ উভয়পক্ষ উক্তরূপ লিপিবদ্ধকৃত চুক্তিপত্রে স্বাক্ষর করিবেন।

(৮) উপ-বিধি (৭) এর অধীন স্বাক্ষর করা হইলে সহায়তাকারী উক্ত চুক্তিপত্রের একটি করিয়া অনুলিপি আবেদনকারী, বোর্ড, কর কমিশনার ও উপকর কমিশনারের নিকট তফসিল-১৩ অনুযায়ী প্রেরণ করিবেন।

(৯) বিরোধীয় বিষয় সম্পর্কে উভয়পক্ষের মধ্যে মতৈক্য না হইলে সহায়তাকারী উহার কারণসমূহ তফসিল-১৪ অনুযায়ী উভয়পক্ষের স্বাক্ষর গ্রহণপূর্বক আবেদনকারী, সংশ্লিষ্ট আপিল কর্তৃপক্ষ, আদালত, কর কমিশনার ও বোর্ড এর নিকট ৭ (সাত) কার্যদিবসের মধ্যে প্রেরণ করিবেন।

(১০) উভয়পক্ষের মধ্যে মতৈক্যের ভিত্তিতে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে সহায়তাকারী বিরোধ নিষ্পত্তির ভিত্তিতে পাওনা অর্থ আদায়, পরিশোধ এবং ফেরত প্রদানের সময় ও পদ্ধতি নির্ধারণ করিবেন।

১২। **সহায়তাকারীর আচরণ বিধি।**—সহায়তাকারীর আচরণ বিধি হইবে নিম্নরূপ, যথা:—

(ক) সহায়তাকারী সততা ও বিশ্বস্ততার সহিত দায়িত্ব পালন করিবেন;

(খ) বিকল্প বিরোধ নিষ্পত্তিকালে সহায়তাকারী স্বাধীন ও নিরপেক্ষভাবে কার্য সম্পাদন করিবেন;

(গ) সহায়তাকারী আবেদন বহির্ভূত কোনো বিষয়ে কোনো কার্যক্রম গ্রহণ করিতে পারিবেন না;

(ঘ) সহায়তাকারী বিকল্প বিরোধ নিষ্পত্তি প্রক্রিয়ায় মতৈক্য প্রতিষ্ঠার লক্ষ্যে আবেদনকারী বিভাগীয় প্রতিনিধিকে সহায়তা করিবেন;

(ঙ) সহায়তাকারী উভয়পক্ষের সম্মতিতে বিরোধীয় বিষয়ে কারিগরী বা পেশাগত জ্ঞান রহিয়াছে এইরূপ কোনো ব্যক্তির সহায়তা বা পরামর্শ গ্রহণ করিতে পারিবেন;

(চ) সহায়তাকারী অবশ্যই আইনের ধারা ৩০৪ এর উপ-ধারা (৮) এ বর্ণিত সময়ের মধ্যে বিরোধসমূহ নিষ্পত্তি করিবেন;

(ছ) গোপনীয়তা (Confidentiality):

(১) বিরোধ নিষ্পত্তি প্রক্রিয়ায় সহায়তাকারীর নিকট কোনো পক্ষ কতৃর্ক প্রকাশিত তথ্য সহায়তাকারী গোপন রাখিবেন এবং সংশ্লিষ্ট পক্ষসমূহের অনুমতি ব্যতীত উক্তরূপ সরবরাহকৃত তথ্য প্রকাশ করিতে পারিবেন না;

(২) বিরোধ নিষ্পত্তি প্রক্রিয়ার আওতায় সকল কার্যক্রম, দলিলাদি ও ফলাফল গোপন রাখিতে হইবে, তবে কেবলমাত্র অন্য কোনো আইনের অধীনে অথবা উভয়পক্ষের সম্মতিতে এতদসক্রান্ত তথ্যাদি প্রকাশ করা যাইবে।

১৩। **স্বার্থের দ্বন্দ্ব।**—(১) সহায়তাকারী তাহার নিকট কোনো বিকল্প বিরোধ প্রক্রিয়া নিষ্পন্নাধীন থাকা অবস্থায় ন্যায়বিচার প্রভাবিত হইতে পারে বলিয়া মনে করিলে অথবা তিনি কোনো বিরোধ নিষ্পত্তি করিতে ইচ্ছুক না হইলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে বিরোধীয় বিষয়টি ফেরত প্রদান করিবেন এবং তাৎক্ষণিকভাবে উহা সংশ্লিষ্ট পক্ষকেও লিখিতভাবে অবহিত করিবেন।

(২) বিরোধীয় বিষয়ে মনোনীত সহায়তাকারীর নিকট যদি প্রতীয়মান হয় যে, সংশ্লিষ্ট বিরোধীয় বিষয়ে তাহার স্বার্থ জড়িত রহিয়াছে অথবা বিরোধ নিষ্পত্তিতে নিরপেক্ষতা ক্ষুণ্ন হইতে পারে, সেক্ষেত্রে সহায়তাকারী তাহার মনোনয়নে অস্বীকৃতি জ্ঞাপন করিবেন এবং লিখিতভাবে বোর্ড ও আবেদনকারীকে অবহিত করিবেন।

(৩) কোনো বিরোধের ক্ষেত্রে বিকল্প বিরোধ নিষ্পত্তি প্রক্রিয়া শুরু হইবার পর সহায়তাকারীর অনুরোধের প্রেক্ষিতে অথবা উভয়পক্ষের সম্মতিতে বোর্ড সহায়তাকারীকে প্রত্যাহার এবং নূতন সহায়তাকারী নিয়োগের ব্যবস্থা করিবেন।

১৪। **সহায়তাকারীর ফিস।—** (১) আইন ও এই বিধিমালার অধীন কোনো বিরোধ নিষ্পত্তির লক্ষ্যে মনোনীত সহায়তাকারীকে বিরোধীয় করের ১০% তবে অনধিক ৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকা এবং অন্যূন ৫,০০০ (পাঁচ হাজার) টাকা হারে ফিস প্রদান করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এ বর্ণিত ফিসের ৫০% সরকার বা সরকার কর্তৃক অনুমোদিত কোনো প্রতিষ্ঠান বা সংস্থা এবং ৫০% আবেদনকারী প্রদান করিবেন।

(৩) বিকল্প বিরোধ নিষ্পত্তি প্রক্রিয়া ও এতদসংক্রান্ত সকল কার্যক্রম সম্পন্ন হইবার পর ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে সহায়তাকারীকে এই বিধি অনুযায়ী ফিস প্রদান করা হইবে।

১৫। **বিভাগীয় প্রতিনিধির দায়িত্ব ও কর্তব্য।—**(১) বিভাগীয় প্রতিনিধি সহায়তাকারী কর্তৃক প্রদত্ত নোটিশে বর্ণিত তারিখ ও সময়ে সভায় উপস্থিত থাকিবেন।

(২) বিভাগীয় প্রতিনিধি বিরোধের দ্রুত নিষ্পত্তি এবং রাজস্ব আহরণের লক্ষ্যে বিরোধ নিষ্পত্তির প্রয়াস চালাইবেন এবং আবেদনকারীর সহিত মতৈক্য প্রতিষ্ঠিত হইলে চুক্তিপত্রে স্বাক্ষর প্রদান করিবেন।

১৬। **রহিতকরণ ও হেফাজত।—**(১) এই বিধিমালা প্রবর্তনের সঙ্গে সঙ্গে আয়কর বিকল্প বিরোধ নিষ্পত্তি (পদ্ধতি) বিধিমালা, ২০১২, অতঃপর উক্ত বিধিমালা বলিয়া উল্লিখিত, রহিত হইবে।

(২) উপ-বিধি (১) এর অধীন রহিতকরণ সত্ত্বেও, উক্ত বিধিমালার অধীন—

(ক) কৃত কোনো কার্য বা গৃহীত কোনো ব্যবস্থা এই বিধিমালার অধীন কৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে;

(খ) অনিষ্পন্ন কার্যধারা এমনভাবে নিষ্পত্তি করিতে হইবে যেন উক্ত বিধিমালা রহিত হয় নাই।

**তফসিল-১**

**[বিধি ৬ এর উপ-বিধি (১) দ্রষ্টব্য]**

**বিকল্প বিরোধ নিষ্পত্তি আবেদন এর ফরম**

বরাবর

[যথা স্থানে টিক (√) চিহ্ন দিন]

☐ যুগ্মকর কমিশনার (আপিল), আপিল রেঞ্জ -------, কর আপিল অঞ্চল-----------

☐ অতিরিক্ত কর কমিশনার (আপিল), আপিল রেঞ্জ -------, কর আপিল অঞ্চল------

☐ কর কমিশনার (আপিল), কর আপিল অঞ্চল------

☐ রেজিস্ট্রার কর আপিল ট্রাইবুনাল

☐ উপ/সহকারী রেজিস্ট্রার, বেঞ্চ----------------, কর আপিল ট্রাইবুনাল

☐ দ্বিতীয় সচিব (ট্যাক্সেস লিগ্যাল), জাতীয় রাজস্ব বোর্ড

**বিষয়: বিকল্প বিরোধ নিষ্পত্তি আবেদন।**

বিবেচ্য করবর্ষ

আবেদনকারীর টিআইএন:

আবেদনকারীর পূর্ণ ঠিকানা ও টেলিফোন/ মোবাইল নম্বর:

(ক) কর সার্কেলের নাম:

(খ) কর অঞ্চলের নাম:

বিবেচনাধীন বৎসরের দাবীনামা প্রাপ্তির তারিখ:

মামলা কোনো আপিল কর্তৃপক্ষ বা কোর্টের বিচারাধীন থাকিলে ঐ আপিল কর্তৃপক্ষ বা কোর্ট কর্তৃক বিকল্প বিরোধ নিষ্পত্তির অনুমতি প্রদানের তারিখ:

আবেদনের ভিত্তিসমূহ:

| বিবেচনাধীন বিষয় | আয়কর রিটার্নে করদাতার ভাষ্য | আয়কর কর্তৃপক্ষের ঐ বিষয় নিরূপণ বা পুনঃনিরূপণ এর অবস্থান | করদাতার দাবীর স্বপক্ষে যুক্তি | সংযুক্তির বিবরণ |
|---|---|---|---|---|
| | | | | |

**স্বাক্ষর/-**

**নাম:**

**টিআইএনঃ**

**প্রতিপাদন**

আমি --------------------- আবেদনকারী, এতদ্বারা ঘোষণা করিতেছি যে, উপরে বর্ণিত তথ্য আমার জ্ঞান ও বিশ্বাসমতে সঠিক ও সত্য।

স্বাক্ষর/-

স্বাভাবিক ব্যক্তি/ফার্মের অংশীদার/প্রধান
নির্বাহীমুখ্য কর্মকর্তা এর/নাম:

টিআইএন:

**দ্রষ্টব্য:** (ক) আবেদন ৪ (চার) প্রস্থে করিতে হইবে;

(খ) প্রতি প্রস্থের সাথে আবেদন ফি পরিশোধের চালানের মূলকপিসহ অতিরিক্ত ০৩ (তিন) টি ফটোকপি;

(গ) সংশ্লিষ্ট উপকর কমিশনারের অনুকূলে সহায়তাকারীর সার্ভিস চার্জ পরিশোধের পে-অর্ডারের মূলকপিসহ অতিরিক্ত ০৩ (তিন) টি ফটোকপি;

(ঘ) সংশ্লিষ্ট আপিল কর্তৃপক্ষ বা সুপ্রিম কোর্টের অনুমতির আদেশের সত্যায়িত ৪ (চার) কপি;

(ঙ) আবেদনের স্বপক্ষে প্রমাণাদি।

**তফসিল-২**
**[বিধি ৬(৪) দ্রষ্টব্য]**

**আবেদন গ্রহণকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদেয় প্রাপ্তি স্বীকার পত্র**

ক্রমিক নং .......................... তারিখ:.......................

কর সার্কেল-----------------, কর অঞ্চল--------------- এর করদাতা--------------- (আবেদনকারীর নাম) টিআইএন------------------ ঠিকানা----------------------এর করবর্ষ--------------- এর জন্য বিকল্প বিরোধ নিষ্পত্তির আবেদন------------- তারিখে অত্র অফিসে দাখিল করা হইয়াছে।

স্বাক্ষর/-

আবেদন গ্রহণকারী কর্তৃপক্ষের সীলমোহর

**তফসিল-৩**
**[বিধি ৬ এর উপ-বিধি (৫) দ্রষ্টব্য]**

**বিকল্প বিরোধ নিষ্পত্তির আবেদন অগ্রায়ন পত্র**

ক্রমিক নং ........................... তারিখ: .................

দ্বিতীয় সচিব (কর আপিল)
জাতীয় রাজস্ব বোর্ড

**বিষয়: বিকল্প বিরোধ নিষ্পত্তির আবেদন অগ্রায়ন।**

কর সার্কেল----------------- কর অঞ্চল------------- এর করদাতা (আবেদনকারীর নাম) ------------ -------------------------টিআইএন-------------- ঠিকানা:--------------------করবর্ষ--------------- এর জন্য বিকল্প বিরোধ নিষ্পত্তির আবেদন------------------ তারিখে অত্র অফিসে দাখিল করিয়াছেন। এ সম্পর্কে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য ৩ সেট আবেদন ও সংযুক্তি অগ্রায়ন করা হইল।

স্বাক্ষর/-

আবেদন গ্রহণকারী কর্তৃপক্ষের সীলমোহর

**সংযুক্তি:** (ক) আবেদনকারী কর্তৃক পূরণকৃত বিকল্প বিরোধ নিষ্পত্তির আবেদন ফরম ৩ (তিন) সেট;

(খ) প্রতি সেটের সাথে আবেদন ফি পরিশোধের চালানের মূলকপিসহ অতিরিক্ত ০৩ (তিন) টি ফটোকপি;

(গ) সংশ্লিষ্ট উপকর কমিশনারের অনুকূলে সহায়তাকারীর ফি পরিশোধের পে-অর্ডারের মূলকপিসহ অতিরিক্ত ০৩ (তিন) টি ফটোকপি;

(ঘ) সংশ্লিষ্ট আপিল কর্তৃপক্ষ বা সুপ্রিম কোর্টের অনুমতির আদেশের সত্যায়িত ৪ (চার) কপি;

(ঙ) আবেদনের স্বপক্ষে প্রমাণাদি।

**তফসিল-৪**

**[বিধি ৬ এর উপ-বিধি (৬) ও (৭) দ্রষ্টব্য]**

**বিকল্প বিরোধ নিষ্পত্তির তথ্যাদি সংরক্ষণের জন্য রেজিস্টার**

| ক্রমিক নং | যে কর্তৃপক্ষের নিকট আবেদন দাখিল করা হইয়াছে | ঐ স্থানে দাখিলের তারিখ | আবেদনকারীর নাম | টিআইএন | সার্কেলের নাম | কর অঞ্চলের নাম |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| | | | | | | |

| সহায়তাকারীর নাম | সহায়তাকারীর মনোনয়নের তারিখ | সহায়তাকারীকে আবেদন প্রেরণের তারিখ | নিষ্পত্তির তারিখ | নিষ্পন্ন/আংশিক নিষ্পন্ন /অনিষ্পন্ন |
|---|---|---|---|---|
| (৮) | (৯) | (১০) | (১১) | (১২) |
| | | | | |

**তফসিল-৫**

**[বিধি ৭ দ্রষ্টব্য]**

**বিভাগীয় প্রতিনিধি মনোনয়ন**

কর কমিশনার------------, কর অঞ্চল----------------

ক্রমিক নং ............................ তারিখ:.......................

কর সার্কেল------------------- এর করদাতা------------------- টিআইএন------------------------ এর করবর্ষ এর বিকল্প বিরোধ নিষ্পত্তির আবেদনের প্রেক্ষিতে জনাব--------------- পদবি-------কে কর বিভাগীয় প্রতিনিধি হিসাবে মনোনয়ন দেওয়া হইল।

স্বাক্ষর/-

কর কমিশনার

কর অঞ্চল

অবগতির জন্য অনুলিপি:

১। জনাব---------------------

সহায়তাকারী

২। করদাতার নাম:

ঠিকানা:

৩। দ্বিতীয় সচিব (ট্যাক্সেস লিগ্যাল)

জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

৪। উপ কর কমিশনার

সার্কেল----------

**তফসিল-৬**

**[বিধি ৮ এর উপ-বিধি (১) ও (৩) দ্রষ্টব্য]**

**বিচারাধীন মামলার ক্ষেত্রে বিকল্প বিরোধ নিষ্পত্তির জন্য অনুমতির আবেদন ফরম**

ক্রমিক নং ................................ তারিখ:.......................

বরাবর

[যথা স্থানে টিক ( √ ) চিহ্ন দিন]

- ☐ যুগ্মকর কমিশনার (আপিল), আপিল রেঞ্জ -------, কর আপীল অঞ্চল-----------
- ☐ অতিরিক্ত কর কমিশনার (আপিল), আপীল রেঞ্জ -------, কর আপীল অঞ্চল------
- ☐ কর কমিশনার (আপিল), কর আপীল অঞ্চল------
- ☐ রেজিস্ট্রার, কর আপিল ট্রাইবুনাল
- ☐ উপ/সহকারী রেজিস্ট্রার, বেঞ্চ----------------, কর আপিল ট্রাইবুনাল
- ☐ দ্বিতীয় সচিব (ট্যাক্সেস লিগ্যাল), জাতীয় রাজস্ব বোর্ড

**বিষয়: বিচারাধীন মামলা বিকল্প বিরোধ নিষ্পত্তির অনুমতির জন্য আবেদন।**

আমি (আবেদনকারীর নাম) ---------------- টিআইএন ---------------- ঠিকানা--------------- কর সার্কেল ------------------কর অঞ্চল ----------------- এর করদাতা। করবর্ষ ---------------- এর কর নির্ধারণের বিরুদ্ধে আমি -------------------- তারিখে আপিল দায়ের করিয়াছি।

আমি এক্ষণে --------------- করবর্ষের মামলা বিকল্প বিরোধ নিষ্পত্তির মাধ্যমে মীমাংসা করিতে চাই।

অতএব, বিকল্প বিরোধ নিষ্পত্তির আবেদন এর অনুমতি প্রদান ও আপিল কার্যক্রম স্থগিত করিবার জন্য আবেদন করিতেছি।

স্বাক্ষর/-

করদাতার নাম:

**তফসিল-৭**
**[বিধি ৮ এর উপ-বিধি (৪) দ্রষ্টব্য]**

**বিচারাধীন মামলার ক্ষেত্রে বিকল্প বিরোধের মাধ্যমে নিষ্পত্তির অনুমতি প্রদান**
**(আপিল কর্তৃপক্ষ/কর আপিল ট্রাইব্যুনাল এর নাম)**

ক্রমিক নং.................... তারিখ:.......................

**বিষয়: বিকল্প বিরোধের মাধ্যমে নিষ্পত্তির অনুমতি।**

কর সার্কেল ---------------- কর অঞ্চল ------------- এর করদাতা (আবেদনকারীর নাম) ----------- টিআইএন -------------- এর ------------ তারিখের ----------- নং আবেদনের প্রেক্ষিতে আপীলাধীন করবর্ষের ------------ আপিল মামলার কার্যক্রম স্থগিত করা হইল ও বিকল্প বিরোধ নিষ্পত্তির জন্য অনুমতি প্রদান করা হইল।

স্বাক্ষর/-
(আপিল কর্তৃপক্ষ/কর আপিল ট্রাইব্যুনাল এর নাম)।

**তফসিল-৮**
**[বিধি ৬ এর উপ-বিধি (৭) দ্রষ্টব্য ]**

**সহায়তাকারীর মনোনয়ন অবহিতকরণ**

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।**

ক্রমিক নং ......................... তারিখ:.......................

**বিষয়: সহায়তাকারীর মনোনয়ন আদেশ।**

কর সার্কেল -------------- কর অঞ্চল ------------ এর করদাতা (আবেদনকারীর নাম) -------------------- টিআইএন --------------- ঠিকানা ------------------ এর করবর্ষ ----------- এর বিকল্প বিরোধ নিষ্পত্তির লক্ষ্যে ----------------------- তারিখে দাখিলকৃত আবেদনের প্রেক্ষিতে জনাব -------------- কে সহায়তাকারী নিয়োগ প্রদান করা হইল।

এতদসংগে সহায়তাকারীকে ২(দুই) সেট আবেদন ও সংযোজনীর কপি অগ্রায়ন করা হইল।

সংলাগ: ২ (দুই) সেট আবেদন ও সংযোজনী।

স্বাক্ষর/-

দ্বিতীয় সচিব (কর আপিল)
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

<u>অবগতির জন্য অনুলিপি:</u>

১। জনাব --------------, সহায়তাকারী।

২। কর কমিশনার, কর অঞ্চল ---------।

৩। আবেদনকারী নাম ও ঠিকানা।

**তফসিল-৯**
**[বিধি ১১ এর উপ-বিধি (২) দ্রষ্টব্য]**

## উপকর কমিশনারের নিকট মতামতসহ তথ্য চাওয়ার পত্র

ক্রমিক নং-------------------- তারিখ:......................

উপকর কমিশনার

কর সার্কেল:

কর অঞ্চল:

**বিষয়: করদাতা --------------- টিআইএন-------------- করবর্ষ --------------- এর বিকল্প বিরোধ নিষ্পত্তির আবেদন এর ক্ষেত্রে মতামতসহ তথ্য প্রেরণ।**

সূত্রে বর্ণিত করদাতার -------------- তারিখে দাখিলকৃত বিকল্প বিরোধ নিষ্পত্তির একসেট আবেদন এই সাথে সংযোজন করা হইল।

এ বিষয় সম্পর্কে নিম্নলিখিত তথ্যাদি প্রেরণের জন্য অনুরোধ করা হইল—

১। সংশ্লিষ্ট বিরোধের করবর্ষ এর আয়কর রিটার্ন দাখিল করা হইয়াছে কিনা?

২। স্বীকৃত করদায় পরিশোধ করা হইয়াছে কিনা?

৩। সংশ্লিষ্ট করবর্ষের নির্ধারিত/পুনঃনির্ধারিত দাবিনামা জারির তারিখ:

| করবর্ষ | দাবিনামা জারির তারিখ |
| --- | --- |

এতদ্ব্যতীত আবেদনে উত্থাপিত আবেদনের ভিত্তি সম্পর্কে মতামত প্রদানের জন্য অনুরোধ করা হইল।

স্বাক্ষর/-

সহায়তাকারী

**তফসিল-১০**

**[বিধি ১১ এর উপ-বিধি (৪) দ্রষ্টব্য]**

**উপকর কমিশনারের নিকট সহায়তাকারী কর্তৃক আবেদনকারীর রেকর্ড তলব পত্র**

ক্রমিক নং---------- তারিখ:......................

উপকর কমিশনার

কর সার্কেল:

কর অঞ্চল:

**বিষয়: বিকল্প বিরোধ নিষ্পত্তির আবেদন এর প্রেক্ষিতে আবেদনকারীর কর রেকর্ড প্রেরণ।**

আপনার সার্কেলের করদাতা ------------------, টিআইএন -------------------করবর্ষ ---------------- এর জন্য বিকল্প বিরোধ নিষ্পত্তির আবেদন করেছেন। এই বিষয় নিষ্পত্তির লক্ষ্যে তাঁহার আয়কর রেকর্ড নিম্ন স্বাক্ষরকারীর নিকট প্রেরণের জন্য অনুরোধ করা হইল।

স্বাক্ষর/-

সহায়তাকারীর নাম

**তফসিল-১১**

**[বিধি ১১ এর উপ-বিধি (১) এর দফা (গ) দ্রষ্টব্য]**

**বিকল্প বিরোধ মীমাংসার সভার নোটিশ**

ক্রমিক নং---------- তারিখ:......................

**বিষয়: বিকল্প বিরোধ নিষ্পত্তির সভা।**

কর সার্কেল---------------- কর অঞ্চল--------------- এর করদাতা (আবেদনকারীর নাম) ----------------- টিআইএন---------------- ঠিকানা---------------- এর করবর্ষ-------------- এর বিকল্প বিরোধ নিষ্পত্তির লক্ষ্যে------------- তারিখে আবেদন করিয়াছেন।

এ বিষয়ে একটি সভা----------তারিখে----------------ঘটিকায়----------- (স্থানের নাম) নির্ধারণ করা হইল।

উক্ত সভায় তথ্য প্রমাণসহ হাজির হওয়ার জন্য আপনাকে অনুরোধ করা হইল।

স্বাক্ষর/-

সহায়তাকারী

১। কর কমিশনারের প্রতিনিধি:

২। আবেদনকারীর নাম:

৩। আবেদনকারীর ঠিকানা:

**তফসিল-১২**

**[বিধি ১১ এর উপ-বিধি (৭) দ্রষ্টব্য]**

**বিকল্প বিরোধ নিষ্পত্তির চুক্তিপত্র**

**বিকল্প বিরোধ নিষ্পত্তি নং**

**চুক্তির তারিখ:**

| | |
|---|---|
| আবেদনকারীর নাম: | উপ কর কমিশনার |
| টিআইএন: | কর সার্কেল- |
| ঠিকানা: | কর অঞ্চল- |

আবেদনকারী করবর্ষ ---------- এর কর নির্ধারণের বিরোধ করিয়া নিম্নলিখিত বিষয় বিকল্প বিরোধ নিষ্পত্তির জন্য ---------- তারিখে আবেদন দাখিল করেন।

করবর্ষ

বিরোধীয় বিষয়ের সংক্ষিপ্ত-সার

১।

২।

৩।

করবর্ষ

বিরোধীয় বিষয়ের সংক্ষিপ্ত-সার

১।

২।

৩।

জাতীয় রাজস্ব বোর্ড-------তারিখের আদেশে জনাব---------- কে এই বিকল্প বিরোধ নিষ্পত্তির সহায়তাকারী মনোনীত করেন।

কর কমিশনার, কর অঞ্চল----------, জনাব ---------- পদবি ---------- কে কর বিভাগীয় প্রতিনিধি মনোনীত করেন।

আলোচনা শেষে নিম্নলিখিত বিরোধসমূহের নিষ্পত্তিতে আবেদনকারী ও করদাতার প্রতিনিধি মতৈক্যে উপনীত হন—

১।

২।

৩।

উপকর কমিশনার মতৈক্যের ভিত্তিতে কর নির্ধারণ করিবেন

| | |
|---|---|
| স্বাক্ষর/- | স্বাক্ষর/- |
| (করদাতার নাম) | নাম |
| টিআইএন | বিভাগীয় প্রতিনিধি |

ঠিকানা

স্বাক্ষর/-

নাম

সহায়তাকারী

**তফসিল-১৩**

**[বিধি ১১ এর উপ-বিধি (৮) দ্রষ্টব্য]**

**চুক্তিপত্র অগ্রায়ন পত্র**

ক্রমিক নং---------- তারিখ:......................

| | | | |
|---|---|---|---|
| ০১। | দ্বিতীয় সচিব (কর আপিল)<br>জাতীয় রাজস্ব বোর্ড<br>ঢাকা। | | (বিচারাধীন মামলার ক্ষেত্রে) [যথাস্থানে টিক ( √ ) চিহ্ন দিন] |
| ০২। | কর কমিশনার কর<br>অঞ্চল- | ☐ | রেজিস্ট্রার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট |
| ০৩। | উপ কর কমিশনার<br>কর সার্কেল-<br>কর অঞ্চল- | ☐ | রেজিস্ট্রার/উপ-রেজিস্ট্রার/সহকারী রেজিস্ট্রার, |
| ০৪। | আবেদনকারীর নাম<br>টিআইএন<br>ঠিকানা: | ☐ | কর আপিল ট্রাইব্যুনাল বেঞ্চ---------------- |
| | | ☐ | কর কমিশনার আপিল, কর আপিল অঞ্চল-------- |
| | | ☐ | অতিরিক্ত কর কমিশনার (আপিল), আপীল রেঞ্জ-----, কর আপিল অঞ্চল----------- |
| | | ☐ | যুগ্মকর কমিশনার (আপিল),<br>আপীল রেঞ্জ----- , কর আপিল অঞ্চল----------- |

**বিষয়: বিকল্প বিরোধ নিষ্পত্তির চুক্তিপত্র স্বাক্ষর অবহিতকরণ।**

আবেদনকারী----------তারিখে বিকল্প বিরোধ নিষ্পত্তির আবেদন করেছেন। সংশ্লিষ্ট পক্ষের আলোচনাক্রমে আংশিক/পূর্ণ বিরোধ নিষ্পত্তির মতৈক্য প্রতিষ্ঠিত হয়।

চুক্তির ১টি কপি যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য এতদ্সংগে প্রেরণ করা হইলো।

সংলাগ: চুক্তির কপি।

স্বাক্ষর/-

সহায়তাকারীর নাম

**তফসিল-১৪**

**[বিধি ১১ এর উপ-বিধি (৯) দ্রষ্টব্য]**

**বিকল্প বিরোধ নিষ্পত্তি মতানৈক্য অবহিতকরণ**

ক্রমিক নং---------- তারিখ:......................

| | | | |
|---|---|---|---|
| ০১। | দ্বিতীয় সচিব (কর আপিল)<br>জাতীয় রাজস্ব বোর্ড<br>ঢাকা। | ☐ | (বিচারাধীন মামলার ক্ষেত্রে) [যথাস্থানে টিক ( √ ) চিহ্ন দিন] |
| ০২। | কর কমিশনার কর<br>অঞ্চল- | ☐ | রেজিস্ট্রার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট |
| ০৩। | উপ কর কমিশনার<br>কর সার্কেল-<br>কর অঞ্চল- | ☐ | রেজিস্ট্রার/উপ-রেজিস্ট্রার/সহকারী রেজিস্ট্রার, |
| ০৪। | আবেদনকারীর নাম<br>টিআইএন<br>ঠিকানা: | ☐ | আয়কর আপিল ট্রাইব্যুনাল, বেঞ্চ---------------- |
| | | ☐ | কর কমিশনার (আপিল), কর আপিল অঞ্চল-------- |
| | | ☐ | অতিরিক্ত কর কমিশনার (আপিল), আপিল রেঞ্জ------, কর আপিল<br>অঞ্চল----------- |
| | | ☐ | যুগ্মকর কমিশনার (আপিল),<br>আপিল রেঞ্জ----- , কর আপিল অঞ্চল----------- |

**বিষয়: বিকল্প বিরোধ নিষ্পত্তির মতানৈক্য অবহিতকরণ।**

আবেদনকারী----------তারিখে বিকল্প বিরোধ নিষ্পত্তির আবেদন করিয়াছেন। নিম্নলিখিত কারণে বিরোধ নিষ্পত্তি অসফল হইয়াছে [ টিক (√) চিহ্ন দিন ]:

☐ আবেদনকারী আলোচনায় উপস্থিত হন নাই।

☐ কর কমিশনারের প্রতিনিধি উপস্থিত হন নাই।

☐ মতৈক্য প্রতিষ্ঠিত হয় নাই।

স্বাক্ষর/-
সহায়তাকারীর নাম

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**এ কে এম বদিউল আলম**
সদস্য (কর নীতি)।

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

**জাতীয় রাজস্ব বোর্ড**

**(আয়কর)**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৩ আষাঢ়, ১৪৩১ বঙ্গাব্দ/২৭ জুন, ২০২৪ খ্রিষ্টাব্দ।

**এস, আর, ও নং ২৪৪-আইন/আয়কর-৩৮/২০২৪।**—জাতীয় রাজস্ব বোর্ড, আয়কর আইন, ২০২৩ (২০২৩ সনের ১২ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ৭৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল আইন, ২০১০ (২০১০ সনের ৪২ নং আইন) এর ধারা ৫ এর অধীন ঘোষিত অর্থনৈতিক অঞ্চলে, অতঃপর উক্ত অর্থনৈতিক অঞ্চল বলিয়া উল্লিখিত, পণ্য উৎপাদন বা সেবা প্রদানের লক্ষ্যে পরিচালিত কোনো প্রতিষ্ঠানের কেবল উক্ত অর্থনৈতিক অঞ্চলে পরিচালিত ব্যবসায়ের মাধ্যমে অর্জিত আয়ের উপর ব্যবসায়িক কার্যক্রম শুরুর তারিখ হইতে ১ম, ২য় ও ৩য় বৎসরের জন্য ১০০%, ৪র্থ বৎসরের জন্য ৮০%, ৫ম বৎসরের জন্য ৭০%, ৬ষ্ঠ বৎসরের জন্য ৬০%, ৭ম বৎসরের জন্য ৫০%, ৮ম বৎসরের জন্য ৪০%, ৯ম বৎসরের জন্য ৩০% এবং ১০ম বৎসরের জন্য ২০% হারে প্রদেয় আয়কর হইতে অব্যাহতি প্রদান করিল, যথা:—

**শর্তাবলি:**

(ক) প্রতিষ্ঠানটি নিম্নবর্ণিত শর্তাবলি পূরণ সাপেক্ষে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক অনুমোদিত হইতে হবে, যথা:—

(অ) কোম্পানি আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন) এর অধীন নিবন্ধিত নূতন কোম্পানি হইতে হইবে এবং বিদ্যমান কোনো কোম্পানির কোনো ইউনিট হইতে পারিবে না;

(আ) বিদ্যমান ব্যবসার পুনর্গঠন, মার্জার, ডিমার্জার এর ফলশ্রুত কোম্পানি হইতে পারিবে না;

(ই) ইতোপূর্বে পণ্য বা সেবা উৎপাদনে ব্যবহৃত হইয়াছে এইরূপ কোনো মেশিন, যন্ত্রপাতি, ইত্যাদি উক্ত অর্থনৈতিক অঞ্চলের কোনো শিল্প ইউনিট স্থাপনে ব্যবহার করা যাইবে না;

(ঈ) উক্ত অর্থনৈতিক অঞ্চলের বাহিরে কোনো শিল্প ইউনিট পরিচালনা করিতে পারিবে না এবং সম্পূর্ণরূপে উক্ত অর্থনৈতিক অঞ্চলে অবস্থিত হইতে হইবে;

(উ) বাণিজ্যিক প্রতিষ্ঠান বা ট্রেডিং কোম্পানি হইতে পারিবে না;

(ঊ) বোর্ডের নিকট অব্যাহতির উপযুক্ত শিল্প হিসেবে পরিগণিত হইতে হইবে;

(খ) উক্ত অর্থনৈতিক অঞ্চলে প্রতিষ্ঠিত যেসকল প্রতিষ্ঠান ভোজ্য তেল, চিনি, আটা, ময়দাসহ নিত্য প্রয়োজনীয় দ্রব্যাদি উৎপাদন এবং সিমেন্ট, লোহা ও লৌহজাতীয় পণ্য উৎপাদন হইতে আয় প্রাপ্ত হয় সেসকল প্রতিষ্ঠান এই প্রজ্ঞাপনের সুবিধা প্রাপ্য হইবে না;

(গ) প্রতিষ্ঠানটি ব্যবসায়িক কার্যক্রম শুরু হইবার বৎসর হইতে দশম বৎসর পর্যন্ত এই হ্রাসকৃত করহারের সুবিধা প্রাপ্য হইবে;

(ঘ) এই প্রজ্ঞাপন অনুযায়ী অব্যাহতিপ্রাপ্ত কোনো শিল্প প্রতিষ্ঠান এই প্রজ্ঞাপনে বর্ণিত কোনো শর্ত বা শর্তাবলি পরিপালনে ব্যর্থ হইলে জাতীয় রাজস্ব বোর্ড, তৎকর্তৃক প্রদত্ত অনুমোদন প্রত্যাহার করিতে পারিবে;

(ঙ) আয়কর আইন, ২০২৩ (২০২৩ সনের ১২ নং আইন) এর ধারা ৭৬ এর উপ-ধারা (৫) এবং (৬) সহ অন্যান্য বিধানাবলি পরিপালন করিতে হইবে;

(চ) কোনো আয়বর্ষে সরকারের কোনো কর্তৃপক্ষ কর্তৃক প্রতিষ্ঠানটির উপর পরিবেশ সংশ্লিষ্ট আইন ভঙ্গের দায়ে জরিমানা আরোপ করা হইলে, সংশ্লিষ্ট করবর্ষে উক্ত প্রতিষ্ঠানটি এই প্রজ্ঞাপনে প্রদত্ত কর অব্যাহতি পাইবে না; এবং

(ছ) ৩০ জুন ২০৩৫ তারিখের মধ্যে কোনো প্রতিষ্ঠান ব্যবসায়িক কার্যক্রম শুরু করিতে ব্যর্থ হইলে এই প্রজ্ঞাপনের অধীন কোনো প্রকার অব্যাহতি সুবিধা প্রাপ্য হইবেন না।

**ব্যাখ্যা:**—এই প্রজ্ঞাপনে “ব্যবসায়িক কার্যক্রম শুরু” বলিতে উক্ত অর্থনৈতিক অঞ্চলে প্রতিষ্ঠান যে তারিখে ব্যবসা হইতে আয় প্রাপ্ত হইবে বা অর্জন শুরু করিবে সেই তারিখকে বুঝাইবে।

২। এস, আর, ও নং ১০৪-আইন/আয়কর/২০২০, তারিখ: ২৫ মার্চ, ২০২০ ও এস, আর, ও নং ১৫৯-আইন/আয়কর-৩৪/২০২৪, তারিখ: ২৯ মে, ২০২৪ এতদ্দারা রহিত করা হইলো এবং উক্তরূপ রহিতকরণ সত্ত্বেও, নিম্নবর্ণিত প্রতিষ্ঠানসমূহ এই প্রজ্ঞাপনের অধীন জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক অনুমোদিত হইয়াছে বলিয়া গণ্য হইবে এবং উহাদের ক্ষেত্রে এই প্রজ্ঞাপনের অনুচ্ছেদ ১ এর শর্তানুচ্ছেদ (ক) তে উল্লিখিত অনুমোদনের শর্তাবলি প্রযোজ্য হইবে না, যথা:—

(ক) বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল আইন, ২০১০ (২০১০ সনের ৪২ নং আইন) এর ধারা ৫ এর অধীন ঘোষিত অর্থনৈতিক অঞ্চলে স্থাপিত কোনো শিল্প প্রতিষ্ঠান বা কোনো শিল্প প্রতিষ্ঠানের ইউনিট যাহারা ৩০ জুন ২০২৪ তারিখের মধ্যে ব্যবসায়িক কার্যক্রম শুরু করিয়াছে;

(খ) বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল আইন, ২০১০ (২০১০ সনের ৪২ নং আইন) এর ধারা ৫ এর অধীন ঘোষিত অর্থনৈতিক অঞ্চলে শিল্প বা শিল্প ইউনিট স্থাপনের উদ্দেশ্যে যাহারা ৩০ জুন ২০২৪ তারিখের মধ্যে বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষের সহিত চুক্তিবদ্ধ হইয়াছে।

৩। এই প্রজ্ঞাপন ০১ জুলাই, ২০২৪ খ্রিষ্টাব্দ হইতে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**আবু হেনা মোঃ রহমাতুল মুনিম**
সিনিয়র সচিব
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
ও
চেয়ারম্যান

জাতীয় রাজস্ব বোর্ড।